দৈনিক সংবাদ

২৬।৮।২০০৩

তারিখ ...............
পৃষ্ঠা ৬ ... কলাম ৩ .....

## ছাত্র ভর্তির ক্ষেত্রে দলীয় কোটার দাবি

# নিউ ডিগ্রি সরকারি কলেজে ভাঙচুর বোমাবাজি ॥ গ্রেফতার ২

রাজশাহী থেকে নিজস্ব বার্তা পরিবেশক ঃ ছাত্র ভর্তির ক্ষেত্রে দলীয় কোটার দাবিতে রাজশাহী নিউ ডিগ্রি সরকারি কলেজে একদল ছাত্র ভাঙচুর ও ব্যাপক বোমাবাজি করেছে। এ ঘটনায় পুলিশ কায়সার ও মাহফুজ নামে দুই ছাত্রকে গ্রেফতার করেছে। পুলিশ জননিরাপত্তা আইনে একটি মামলা করেছে। গত ২১শে আগস্ট দুপুরে অধ্যক্ষের কার্যালয়ে ভাঙচুর ও কলেজ ক্যাম্পাসে বোমাবাজির ঘটনা ঘটে। পুলিশ ভাঙচুরের ঘটনা সত্য নয় বলে জানিয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানান, ছাত্রলীগ ও ছাত্রদলের কর্মীরা যৌথভাবে একাদশ শ্রেণীতে ছাত্রভর্তির ক্ষেত্রে দলীয় কোটার দাবিতে এই ভাঙচুর ও বোমাবাজির ঘটনা ঘটিয়েছে। অবশ্য উভয় সংগঠনই এই সন্ত্রাসী ঘটনার নিন্দা জানিয়ে বিবৃতি দিয়েছে। ভাঙচুরের ঘটনার আগে ছাত্রদল ও ছাত্রলীগ কর্মীদের মধ্যে সংঘর্ষ হয়।



পুলিশ ২১শে আগস্টের ঘটনার পরিপ্রেক্ষিতে ২২শে আগস্ট দুপুরে দুই ছাত্রকে গ্রেফতার করে। পুলিশ বলছে, গ্রেফতারকৃতদের একজন ছাত্রলীগ কর্মী, অন্যজন ছাত্রদল কর্মী। কলেজ কর্তৃপক্ষ এর বেশি কিছু জানাতে অস্বীকৃতি জানিয়েছে।